

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্রটক# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭  
www.nbr.gov.bd

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০৬৯.৫২.০০৩.২১./৬৪৯

তারিখঃ ৯/১১/২০২৫ খ্রি.

পরিপত্র

**বিষয়ঃ Integrated VAT Administration System (iVAS) এ রিফান্ড আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত।**

জাতীয় রাজস্ব বোর্ডের ডাট ব্যবস্থাপনায় ব্যবহৃত Integrated VAT Administration System (iVAS) এর সাথে অর্থ বিভাগের iBAS++ এর সংযোগ স্থাপন পূর্বক BEFTN (Bangladesh Electronic Fund Transfer Network) এর মাধ্যমে করদাতাগণের অনুকূলে প্রদেয় মুসক রিফান্ডের অর্থ পরিশোধের প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন হয়েছে।

০২। এ লক্ষ্যে নতুন উদ্ভাবিত মডিউলের মাধ্যমে অটোমেটেড পদ্ধতিতে রিফান্ড আবেদনসমূহ প্রক্রিয়াকরণের জন্য iVAS এ ইতোপূর্বে অনলাইনে দাখিলকৃত কিন্তু অনিষ্পন্ন সকল রিফান্ড আবেদন ইতোমধ্যে সিস্টেমের মাধ্যমে বাতিল করা হয়েছে এবং বাতিলকৃত আবেদনে দাবীকৃত রিফান্ডের পরিমাণ সমূহ সংশ্লিষ্ট করদাতার ক্রোজিং ব্যালঞ্চে (মুসক ৯.১ রিটার্ন ফরমের নোট ৬৫ ও ৬৬) যথাযথভাবে সমন্বয় করা হয়েছে। এর ফলে আবেদিত রিফান্ডের অর্থ করদাতার ক্রোজিং ব্যালঞ্চে যোগ হয়ে গেছে। (বাতিলকৃত আবেদনের তালিকা সংযুক্ত)

০৩। নতুন উদ্ভাবিত মডিউলের মাধ্যমে অটোমেটেড পদ্ধতিতে রিফান্ড আবেদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মুসক কমিশনারগণকে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ পূর্বক রিফান্ড প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হল:

(১) ম্যানুয়ালভাবে অর্থাৎ হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত সকল রিফান্ড আবেদন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট করদাতাগণকে iVAS সিস্টেমের মাধ্যমে পুনরায় অনলাইনে মুসক-৯.১ ফরমের মাধ্যমে নতুন করে আবেদন দাখিল করতে হবে।

(২) ইতোপূর্বে যেসকল রিফান্ড আবেদন অনলাইনে করা হয়েছে কিন্তু এর বিপরীতে ম্যানুয়াল পদ্ধতিতে চেকের মাধ্যমে রিফান্ড প্রদান করা হয়েছে, সেসকল ক্ষেত্রে প্রদত্ত অর্থের পরিমাণ করদাতার রিটার্নে বৃদ্ধিকারী সমন্বয় (Increasing Adjustment) করতে হবে, যেন রিটার্ন ফরমের নোট ৬৫ ও ৬৬-এ প্রদর্শিত ক্রোজিং ব্যালান্সের সঠিকতা নিশ্চিত হয়।

(৩) রিফান্ড আবেদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে আবশ্যিকভাবে বিদ্যমান আইন ও বিধি-বিধানসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে। এ বিষয়ে সিস্টেমে প্রদত্ত চেকলিস্ট (কপি সংযুক্ত) যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা কমিশনারেট সদর-দপ্তরের অতিরিক্ত/যুগ্ম কমিশনারের নেতৃত্বে গঠিত রিফান্ড কমিটি এবং কমিশনার নিশ্চিত করবেন।

(৩) অনলাইনে রিফান্ড আবেদন প্রক্রিয়া কার্যকর করার লক্ষ্যে প্রতিটি ডাট কমিশনারেট হতে কমিশনার, অতিরিক্ত কমিশনার, বিভাগীয় কর্মকর্তা এবং সার্কেল রাজস্ব কর্মকর্তার জন্য iVAS এ ইউজার আইডি তৈরি করতে হবে।

(৪) অনলাইনে দাখিলকৃত রিফান্ড আবেদন অনুমোদিত হওয়ার পর রিফান্ডের প্রদেয় অর্থ BEFTN এর মাধ্যমে প্রদানের জন্য প্রতিটি ডাট কমিশনারেটের প্রধান কার্যালয়ে একজন Initiator/checker (রাজস্ব কর্মকর্তার নিম্নে নয়) এবং একজন DDO (Drawing & Disbursing Officer) (সহকারী/উপকমিশনারের নিম্নে নয়) মনোনীত করতে হবে, যারা রিফান্ডের অর্থ iBAS++ এর মাধ্যমে করদাতার ব্যাংক হিসাবে স্থানান্তর প্রক্রিয়া সম্পন্ন করবেন।

(৫) পরীক্ষামূলক এ সিস্টেমে প্রাথমিকভাবে আগাম কর পরিশোধের সময়সীমা ছয় মাসের অধিক সময় অতিক্রান্ত হয়নি কেবলমাত্র সেরকম আবেদনসমূহ প্রক্রিয়াকরণ সম্ভব হবে। পরবর্তীতে পুরাতন আবেদন সমূহ পর্যায়ক্রমে সিস্টেমস আপগ্রেড সাপেক্ষে অটোমেটেড এ পদ্ধতির আওতায় আনা হবে।

(৬) কমিশনারগণ তাঁদের স্ব স্ব অধিক্ষেত্রভুক্ত করদাতাগণকে এ বিষয়ে ব্যাপক প্রচারের মাধ্যমে অবহিত এবং সচেতন করবেন।

(৭) বিদ্যমান ম্যানুয়াল চেকসমূহ যথাযথ বিধান অনুসরণপূর্বক হিসাব রক্ষণ অফিসকে ফেরত প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে।

সংযুক্তিঃ দুই (০২) পাতা

৯. 11. 2025  
তুষি রায়  
দ্বিতীয় সচিব

মুসক রপ্তানি, প্রত্যর্পণ ও বকেয়া ব্যবস্থাপনা

### Checklist for Refund Processing

SN	Examination Points	Yes	No
1.	Refund amount is above BDT 50,000.00		
2.	All Return Submissions are up to date		
3.	The refund amount has been adjusted/carried for at least six tax periods		
4.	Refund applicant uses NBR approved software to maintain the books of accounts		
5.	Annual financial reports have been duly submitted under Section 90KA and validated		
6.	More than 50% of turnover are zero rated supply		
7.	More than 50% of inputs are used in zero rated supply		
8.	The supply is exempted subject to observance of certain conditions, and all conditions are duly complied with		
9.	All arrear interests, fines & penalties have been duly paid		
10.	All MUSHOK 4.3 declarations (coefficients) have been duly submitted		
11.	All supplies are made against MUSHOK 6.3		
12.	MUSHOK 6.10 is submitted regularly with Returns		
13.	All inputs and sales are duly recorded in MUSHOK 6.1 and 6.2 respectively and/or MUSHOK 6.2.1		
14.	All import data have been validated from ASYCUDA and duly recorded in MUSHOK 6.1 and/or 6.2.1		
15.	In the event of supplies made to any VAT deducting entity, decreasing adjustments were made against duly validated MUSHOK 6.6		
16.	In the event of local purchases, all VAT have been deducted & deposited to treasury following due process		
17.	Wastage and/or unused inputs have been disposed of following due processes and applicable VAT is paid.		
18.	VAT due against office space & machinery rentals have been duly paid		
19.	VAT due against import of services have been duly paid		
20.	For limited liability companies, VAT deducted for attendance of board meetings and duly deposited		
21.	Account Current Balance under VAT Act 1991 have been transferred through MUSHOK 18.6 following due process		
22.	In the event of exports, export manifest, PRCs etc. have been duly validated and found correct		
23.	For centrally registered entities, unit wise sales information & VDS are shown separately in the return		
24.	All provisions under Section 68 & 69 have been duly followed		



# Work Flow to Process VAT Refund by Commissionerate

